দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0 . JAN 1989 ...
পৃষ্ঠা ... 12 কলাম 3 ...

C02

0 5 JAN 1989

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিএসসি ও বিকম (পাস) পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী হইতে বাসস, গত মঙ্গলবার ১৯৮৮ সালের এপ্রিল-মে মাসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত বিএসসি ও বিকম (পাস) পরীক্ষাসমূহের ফলাফল প্রকাশ করা হইয়াছে। বিকম (পাস)-এ পাসের হার ২২. দশমিক ৮৫ এবং বিএসসি (পাস)-এ পাসের হার ১৭। বিএসসির ৬৭৬১ জন পরীক্ষার্থীর মধ্যে ১১৪৬ জন কৃতকার্য হইয়াছেন। ১৫৮ জন দ্বিতীয় শ্রেণী ও ৯৮৮ জন তৃতীয় শ্রেণী লাভ করেন। কেহ প্রথম শ্রেণী পান নাই। বিকম-এর ৭৫৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭৩২ জন কৃতকার্য হইয়াছেন। ১ জন প্রথম শ্রেণী, ১০৪ জন দ্বিতীয় শ্রেণী এবং ১৬২৮ জন তৃতীয় শ্রেণী লাভ করেন।